দৈনিক
জনকণ্ঠ

তারিখ ‥ 27 AUG 2017
পৃষ্ঠা ‥ ১৪ ‥ কলাম ‥ ৬

# উত্তরপত্র জালিয়াতি ॥ আরও এক প্রতারক গ্রেফতার

**স্টাফ রিপোর্টার, পঞ্চগড় ॥** জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ইংরেজী বিষয় উত্তরপত্র (খাতা) বদলিয়ে পাস করিয়ে দেয়া চক্রের আরও এক প্রতারককে গ্রেফতার করা হয়েছে। শনিবার ভোরে পুলিশ ওই প্রতারককে তার নিজ বাড়ি থেকে গ্রেফতার করে। নাম মাহমুদুল হক সরকার। তার বাড়ি তেঁতুলিয়া উপজেলার ভজনপুর কলেজপাড়া গ্রামে। তিনি ভজনপুর ডিগ্রী কলেজের লাইব্রেরিয়ান। এর আগে শুক্রবার বিকেলে মনির হোসেন ও মধু রায়কে শহরের জালাসীপাড়ার এক ছাত্রাবাস থেকে ইংরেজী বিষয় খাতা বদল করে পাস করিয়ে দেয়ার নামে টাকা লেনদেনের সময় গোয়েন্দা পুলিশের (ডিবি) একটি দল তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃতদের প্রাথমিক স্বীকারোক্তিমূলক জবানবন্দীতে পুলিশ জাতীয় বিশ্ববিদ্যালয়সহ স্থানীয় আরও কয়েকজনের নাম জানতে পেরেছে। শনিবার বিকেলে পঞ্চগড় চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হয়। আরও ব্যাপকভাবে জিজ্ঞাসাবাদ ও তথ্য উদঘাটনের জন্য পুলিশের পক্ষ থেকে ৭ দিনের রিমান্ডের আবেদন করা হয়। সম্প্রতি মকবুলার রহমান সরকারী কলেজে অধ্যয়নরত অনার্স পড়ুয়া ভুক্তভোগী কয়েকজন শিক্ষার্থীর দেয়া তথ্য ও গোপন ভিডিও দেখে গোয়েন্দা পুলিশ সংঘবদ্ধ ওই চক্রটিকে শনাক্ত করতে সক্ষম হয়।

প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর